আওয়াজ প্রকল্প

রিপোর্টের সারমর্ম : অল্পবয়সী ব্যক্তি ও বাবা-মায়েদের জন্য

সাউথ এশিয় কমিউনিটিগুলির শিক্ষালাভের প্রতিবন্ধকতা থাকা অল্পবয়সী ব্যক্তিদের অবকাশের প্রয়োজনীয়তাগুলি মেটানো

Raghu Raghavan (রঘু রাঘবন)
School of Health, Community and Education Studies
(স্কুল অফ হেল্থ, কমিউনিটি অ্যাণ্ড এডুকেশন স্টাডিজ)
Northumbria University (নর্থআমব্রিয়া ইউনিভার্সিটি)
Newcastle upon Tyne

Nicole Pawson (নিকোল পসন)
School of Health Studies
(স্কুল অফ হেল্থ স্টাডিজ)
Uniiversity of Bradford
(ইউনিভার্সিটি অফ ব্র্যাডফোর্ড)
Bradford

The voice of learning disability

LOTTERY FUNDED

কৃতজ্ঞতা স্বীকার

এই গবেষণাতে যে অল্পবয়সী ব্যক্তি ও তাদের বাবা-মা অংশগ্রহণ করেছিলেন এই রিপোর্টটি তাদের উৎসর্গ করা হচ্ছে। আমরা আমাদের কৃতজ্ঞতা জানাতে চাই এবং আমরা আশা করব যে তাদের এতে প্রদত্ত তথ্য প্রয়োজনীয় মনে হবে।

বিষয়সূচী

উপস্থাপনা 5

মুখ্য ফলাফলগুলি 6

অবকাশের সুযোগগুলির ব্যবহারে উন্নতি করার মুখ্য এলাকাগুলি 7

অল্পবয়সী মানুষদের মতামত 9

বাবা-মায়েদের মতামত 11

সুপারিশগুলি 13

ব্র্যাডফোর্ডে অবকাশের পরিষেবা ও অন্য প্রতিবন্ধকতা সম্পর্কিত পরিষেবা প্রদানকারী সংস্থাগুলি 17

উপস্থাপনা

শিক্ষালাভের প্রতিবন্ধকতা থাকা কৃষ্ণকায় ও সংখ্যালঘু জাতিগত কমিউনিটির অল্পবয়স্ক ব্যক্তিরা অবকাশ পরিষেবাগুলি ব্যবহার করতে বাধার সম্মুখীন হন। আওয়াজ প্রকল্পটি ব্র্যাডফোর্ডে থাকা শিক্ষালাভের প্রতিবন্ধকতা থাকা অল্পবয়স্ক ব্যক্তিদের জন্য যে ধরণের অবকাশ পরিষেবার প্রয়োজন আছে বা চান তাকে রূপ দিতে তাদের সমবয়সী, বাবা-মা ও পরিষেবা প্রদানকারীদের সাথে পরামর্শ করার সুযোগ দেয়।

সাউথ এশিয় পটভূমির 2 জন অল্পবয়স্ক এবং 17 জন বাবা-মা একটি প্রকল্পে জড়িত ছিলেন। তারা কয়েকটি গোষ্ঠীতে মিলিত হয়ে অবকাশমূলক ক্রিয়াকলাপের বিষয়ে আলোচনা করেন।

সহযোগী গবেষকেরা সাতজন অল্পবয়সী ব্যক্তিদের গবেষকের সাহায্যে অন্য অল্পবয়সী গোষ্ঠীদের নেতৃত্ব দেওয়ার প্রশিক্ষণ দেওয়া হয়। তারা কি ধরণের অবকাশের ক্রিয়াকলাপ উপভোগ করেন, অবকাশের পরিষেবাগুলি ব্যবহার করতে তারা যে বাধাগুলির সম্মুখীন হন এবং এই পরিষেবাগুলির ব্যবহারের সুযোগের কি করে আরো উন্নতি করা যায় সে বিষয়ে তারা কি মনে করেন আমরা জেনে নিয়েছি। এই অল্পবয়সীদের ব্যবস্থাপনা সহজসাধ্য করার জন্য প্রশিক্ষণ দেওয়া হয় এবং বাবা-মায়েরা পরিষেবা প্রদানকারীদের সাথে তাদের প্রয়োজনগুলির বিষয়ে কথা বলেন।

আমরা আশা করি যে এই গবেষণার ফলে পরিষেবা প্রদানকারীরা শিক্ষালাভের প্রতিবন্ধকতা থাকা ব্যক্তিদের জন্য অবকাশ পরিষেবার উন্নতিসাধন করবেন। পরিষেবা প্রদানকারীরা একটি ক্রিয়ামূলক পরিকল্পনার মাধ্যমে নির্দিষ্ট কিছু লক্ষ্যের বিষয়ে কাজ করতে একমত হন- এই পরিকল্পনাটি মুখ্য রিপোর্টে অন্তর্ভুক্ত আছে।

এই রিপোর্টটির পরিচালনা Mencap (মেনকাপ) করেন এবং National Lottery (ন্যাশনাল লটারি) পুঁজি বিনিয়োগ করেন।

মুখ্য ফলাফলগুলি

আওয়াজ প্রকল্পে জড়িত অল্পবয়সী ব্যক্তিরা এবং তাদের বাবা-মায়েরা অনেকগুলি বাধার বিষয়ে আলোকপাত করেন যা অবকাশমূলক ক্রিয়াকলাপগুলির ব্যবহার প্রতিহত করে বা তা ব্যবহারের বিষয়ে আশঙ্কা জাগায়। তারা আরো কিছু মুখ্য বিষয় চিহ্নিত করেন যা অবকাশমূলক পরিষেবাগুলির ব্যবহার আরো সুগম করবে এবং আয়োজনের উন্নতি করবে। এগুলির সারসংক্ষেপ নিচে দেওয়া হল।

বাধাগুলি

- অল্পবয়সী ব্যক্তিরা মতামত জানিয়েছেন যে শারীরিক প্রতিবন্ধকতা থাকলে ও ওষুধ গ্রহণ করলে, তা কিছু অল্পবয়সী ব্যক্তিদের অবকাশমূলক ক্রিয়াকলাপে অংশ নিতে অসুবিধার সৃষ্টি করে।
- অল্পবয়সী ব্যক্তিরা নিরাপত্তা, যানবাহনের অভাব, বাস স্টপের থেকে দুরত্বের বিষয়ে তাদের পরিবারের আশঙ্কাগুলির বিষয়ে অবগত আছেন যা তাদের স্বাধীনভাবে অবকাশমূলক পরিষেবাগুলির সুযোগ নিতে বাধাদান করে।
- অল্পবয়সী ব্যক্তিরা অবকাশমূলক পরিষেবাগুলির ব্যবহারের সুযোগ পেতে এবং ব্যবহার করতে যে মুখ্য বাধাগুলিকে চিহ্নিত করেছেন তা হল ব্যক্তিগত সহায়তার অভাব, তথ্যের অভাব এবং সীমিত সংখ্যায় বন্ধু।
- বাবা-মায়েরা সাধারণভাবে অবকাশমূলক পরিষেবাগুলির ব্যবস্থা সম্বন্ধে তথ্যের অভাবের কথা জানিয়েছেন এবং তারা বিভিন্ন পরিষেবা দ্বারা প্রদান করা অবকাশমূলক পরিষেবাগুলির ব্যবস্থাগুলির সম্বন্ধে সব সময়ে অবগত ছিলেন না। বাবা-মায়েরা জানান যে 16 বছরের বেশি বয়সী অল্পবয়স্ক ব্যক্তিদের জন্য অবকাশমূলক সুযোগের অভাব আছে।
- অল্পবয়স্ক ব্যক্তিদের সাথে কর্মীদের মেলামেশার অভাব এবং উদ্দীপক ক্রিয়াকলাপের অভাবের বিষয়েও বাবা-মায়েরা চিন্তিত ছিলেন।
- বাবা-মায়েরা কমিউনিটিতে অবকাশমূলক ক্রিয়াকলাপের ব্যবস্থার অভাব সম্বন্ধে জানান এবং অল্পবয়সী ব্যক্তিদের জন্য অবকাশমূলক পরিষেবাগুলির যথাযথ পুঁজির অভাবের বিষয়ে তাদের আশঙ্কার কথা জানিয়েছেন।
- বাবা-মায়েরা জানান যে তারা অল্পবয়সী ব্যক্তিদের ক্ষতিগ্রস্থ হওয়ার সম্ভাবনা ও নিরাপত্তার বিষয়ে সেই সময় চিন্তিত থাকেন যখন তারা যাত্রা করছেন বা অন্যদের সাথে মেলামেশা করছেন।
- বাবা-মায়েরা জানান যে সাউথ এশিয় কমিউনিটির মানুষদের জন্য উপযোগী করা নিশ্চিত করার জন্য যে অভিযোজনগুলি প্রয়োজন, অবকাশমূলক ক্রিয়াকলাপগুলিতে ‘সবসময়’ তা করা হয় না।

অবকাশের সুযোগগুলির ব্যবহারে উন্নতি করার মুখ্য এলাকাগুলি

- অল্পবয়সী ব্যক্তিরা আরো বেশি সহায়তার প্রয়োজনের কথা জানিয়েছে বিশেষত পরিবহনের বিষয়ে, ওষুধ খাওয়া, লেখা, অর্থ ব্যবহার করা, সঠিক সময়ে কাজ করা, এবং কোথায় কখন যেতে হবে সে বিষয়ে জানার বিষয়ে।
- কিছু অল্পবয়সী ব্যক্তিরা কোন কোন অবকাশমূলক কাজকর্মে শুধু মহিলাদের গোষ্ঠী রাখার প্রয়োজনীয়তার বিষয়ে জানিয়েছেন, যেমন সাঁতার।
- কিছু অল্পবয়সী ব্যক্তিরা উপদ্রবের সম্মুখীন হলে সহায়তার প্রয়োজনীয়তার বিষয়ে জানিয়েছেন।
- বাবা-মায়েরা অবকাশমূলক ব্যবস্থার কর্মীদের প্রতিবন্ধকতার বিষয়গুলি সম্বন্ধে আরো সচেতন হওয়ার প্রয়োজন নিয়ে জোর দিয়েছেন, এবং জানিয়েছেন যে এই অল্পবয়সী ব্যক্তিদের ব্যক্তিগত প্রয়োজনগুলি আরো ভালোভাবে বোঝার প্রয়োজন আছে।
- অল্পবয়সী ব্যক্তিদের অবকাশমূলক পরিষেবা ব্যবহার করতে ব্যক্তিগত সহায়তা করার একটি প্রয়োজনের কথা বাবা-মায়েরা জানিয়েছেন।
- 'মিশ্র লিঙ্গ' অবকাশমূলক ক্রিয়াকলাপ যেমন ফুটবল ও সাঁতারের ব্যবহারের সম্বন্ধে বাবা-মায়েরা চিন্তিত ছিলেন এবং 'একই লিঙ্গ' ক্রিয়াকলাপের 'বৃহত্তর ব্যবস্থা'-র জন্য প্রত্যাশা করেন।

জড়িত থাকা ও অংশগ্রহণ

- সাউথ এশিয় কমিউনিটিগুলি থেকে অল্পবয়সী ব্যক্তিরা, অন্যান্য অল্পবয়সী ব্যক্তিদের মতই বিভিন্ন ধরণের অবকাশমূলক ক্রিয়াকলাপে উৎসাহী ছিলেন। এতে অন্তর্ভুক্ত হল বিভিন্ন ক্রিয়াকলাপ যেমন সাঁতার, ক্রিকেট, ফুটবল, টেনিস. স্নুকার, বোলিং, বক্সিং, সিনেমাতে যাওয়া, নাচা, এশিয় সঙ্গীত শোনা, বন্ধুদের সাথে আরাম করা, সিনেমা দেখা, নৌকাবিহার, খেতে বাইরে যাওয়া, আইস-স্কেটিং, হেনা ট্যাটু করা, রূপচর্চা, শিল্প এবং কলা।

পরামর্শ

- অল্পবয়সী ব্যক্তিরা সহ-গবেষক হিসাবে তাদের ভুমিকা উপভোগ করেন এবং এই প্রকল্পের বিভিন্ন পর্যায়ে তাদের অংশগ্রহণ করার ফলে তারা সমবয়সী, বাবা-মা ও পরিষেবা প্রদানকারীদের মতামত শুনতে সমর্থ হয়েছে।
- সাউথ এশিয় কমিউনিটিগুলি থেকে অল্পবয়সী ব্যক্তিরা অনুভব করেন যে অবকাশমূলক ক্রিয়াকলাপ পরিকল্পনা করার সময় পরিষেবা প্রদানকারীদের তাদের সঙ্গে পরামর্শ করা উচিত।
- অল্পবয়সী ব্যক্তিরা একটি সামাজিক সহায়তার গোষ্ঠীর প্রয়োজনীয়তার কথা জানান।
- বাবা-মায়েরা জানান যে তারা অন্য বাবা-মায়েদের সাথে মিলিত হয়ে লাভবান হয়েছেন এবং তারা সাউথ এশিয় পরিবারগুলির জন্য একটি বাবা-মাদের সহায়তার গোষ্ঠী শুরম্ন করার প্রয়োজনীয়তার কথা জানান।
- অল্পবয়সী ব্যক্তি, তাদের বাবা-মা ও পরিচর্যাকারীদের সাথে মেলামেশা করার সুযোগটিকে পরিষেবা প্রদানকারীরা স্বাগত জানান।
- অল্পবয়সী ব্যক্তি, তাদের বাবা-মা ও পরিচর্যাকারীদের সাথে বৈঠকের ফলে একটি কর্ম পরিকল্পনা তৈরী করা হয় (এই পরিকল্পনাটি মূল রিপোর্টে দেওয়া আছে)।

অল্পবয়সী মানুষদের মতামত

“পরিবার তাদের যেতে দেয় না কারণ তারা দুশ্চিন্তা করে যে তাদের কিছু হয়ে যেতে পারে।”

“আমার বাবা-মা দোকানে আমাকে একা একা যেতে দেয় না কারণ তা খুব বিপজ্জনক।”

সাউথ এশিয় কমিউনিটিগুলি থেকে অল্পবয়সী ব্যক্তিরা অবকাশমূলক পরিষেবাগুলি ব্যবহার করতে অনেকগুলি বাধার কথা জানায়। এতে অন্তর্গত হল শারীরিক প্রতিবন্ধকতা থাকা, ওষুধ গ্রহণ করা, নিরাপত্তার বিষয়ে পরিবারের চিন্তা, বাস স্টপ থেকে দূরত্ব, সহায়তার অভাব, তথ্যের অভাব, এবং সীমিত সংখ্যায় বন্ধু।

“ক্রিয়াকলাপগুলিতে আরো ব্যক্তিকে নিয়ে আসুন।”

“লোকেদের জিজ্ঞাসা করুন তারা কি খেলতে চান।”

“টিম হিসাবে কাজ করা।”

এছাড়া অবকাশমূলক ক্রিয়াকলাপগুলি ব্যবহার করায় সুবিধাদান করে এমন বস্তুগুলিকে তারা চিহ্নিত করতে সমর্থ হয়। এতে অন্তর্গত হল ওষুধের বিষয়ে সহায়তা, উপদ্রবের বিষয়ে সহায়তা, সঠিক সময়ে কাজ করার বিষয়ে সহায়তা, অর্থের বিষয়ে সহায়তা, লেখার বিষয়ে সহায়তা, কোথায় কখন যেতে হবে সে বিষয়ে জানা, যদি তারা হারিয়ে যায় একটি মোবাইলের ব্যবহার, প্রচারপত্র, কোথাও পৌঁছনোর বিষয়ে সহায়তা, এবং একটি শুধু মহিলাদের গোষ্ঠী। অল্পবয়সী ব্যক্তিরা আরো জড়িত হতে এবং তাদের মত অন্য ব্যক্তিদের জড়িত হতে সাহায্য করতে উৎসুক।

বাবা-মায়েদের মতামত

বাবা-মায়েরা অনেকগুলি আশঙ্কার কথা জানান এবং অল্পবয়সী ব্যক্তিদের জন্য অবকাশমূলক সুযোগগুলির ব্যবহার করতে তারা যে সমস্যাগুলির সম্মুখীন হয়েছেন সেগুলিকে চিহ্নিত করেন। কোন কোন বাবা-মা জানান যে অবকাশমূলক কাজের কর্মীদের প্রতিবন্ধকতার বিষয়গুলি সম্বন্ধে সচেতনতা কম। তারা আরো জানান যে কর্মীদের জন্য প্রতিবন্ধকতার বিষয়ে সচেতনতার প্রশিক্ষণের প্রয়োজন যার কারণ হল এগুলির বিষয়ে কম সচেতনতা আছে, বিশেষত অটিজমের বিষয়ে। বাবা-মায়েরা মতামত দেন যে কোন রকমের প্রতিবন্ধকতা থাকা অল্পবয়সী ব্যক্তিদেরই সম্মান করতে হবে।

"আমি যুব কেন্দ্রগলিকেও দোষ দিতে পারি না কারণ তারা বিশেষ প্রয়োজন থাকা অটিজম হওয়া বাচ্চাদের সঙ্গে কাজ করতে প্রশিক্ষিত নয়। এটি আমি মনে করি একটি বাধা।" একজন মা

বাবা-মায়েদের কাছে এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ যে পরিষেবাগুলি সাংস্কৃতিক ও ধার্মিক প্রয়োজনীয়তাগুলির সম্মান করে এবং এমন ক্রিয়াকলাপের ব্যবস্থা করে যা যথাযথ। যেমন এক আয়োজিত বহির্ভ্রমণে অ্যালকোহল দেওয়া হয়েছিল, যা সঙ্গত নয় বলে বিবেচনা করা হয়। মহিলাদের জন্য আলাদা সাঁতারের ক্লাসও গুরুত্বপূর্ণ। সাংস্কৃতিক ও ধার্মিক প্রয়োজনীয়তাগুলির প্রতি সংবেদনশীলতা যদি থাকে তাহলে কর্মীদের সাউথ এশিয় কমিউনিটি থেকে হওয়ার কোন বাধ্যবাধকতা নেই।

"আমি সবসময়ে তাকে সাঁতারে নিয়ে চাইতাম কিন্তু আমাদের এশিয় সংস্কৃতির জন্য আমি আমার ছেলের সঙ্গে পুলে নামতে পারি না। তাকে অনুমতি দেওয়া হয় নি কারণ সে তার বয়সের তুলনায় অনেকটা লম্বা। আমরা ****পুলে যাওয়ার চেষ্টা করি কিন্তু আমি সেখানে যেতে পারি নি কারণ পুলে তাদের সন্তানদের সাথে বাবারাও ছিলেন।" একজন মা

বাবা-মায়েরা জনসাধারণের পরিবহনে উপদ্রব, অল্পবয়সী ব্যক্তিটির ক্ষতিগ্রস্থ হওয়ার সম্ভাবনা, এবং অন্যদের প্রতি অল্পবয়স্কটির ব্যবহারের বিষয়ে আশঙ্কায় ভোগেন। খরচও একটি বিষয় কারণ কিছু কিছু গ্রীষ্মকালীন কর্মসূচী পরিবহনের জন্য চার্জ করেন। বাবা-মায়েদের অন্য দায়িত্ব, নিরাপত্তার বিষয় এবং একা একা যাত্রা করতে অল্পবয়স্কটির আত্মবিশ্বাসের অভাবও আলোচিত হয়।

"কাউকে শিশুটির সাথে থাকতে হবে, তার উপর নজর রাখতে হবে, যদি শিশুটি বিপদের বিষয়ে সচেতন না থাকে বা যদি সে যাবার পথটি না চেনে।" একজন মা

বেশিরভাগ বাবামায়েরাই একান্তভাবে সহায়তার প্রয়োজনের বিষয়ে জানান। অল্পবয়স্কদের মধ্যে আত্মবিশ্বাসের অভাব, এবং অর্থ ও খুচরোর বিষয়ে বোঝানোর সম্পর্কিত সহায়তার প্রয়োজনীয়তার সম্বন্ধে জানানো হয়েছিল।

বাবা-মায়েরা অভিযোগ করেন যে 16 বছরের বেশি বয়সী যুববয়স্কদের জন্য ব্যবস্থার অভাব আছে। তারা আরো জানান যে প্রদান করা কোন কোন ক্রিয়াকলাপে, কর্মীরা অল্পবয়স্কদের সাথে কাজ করে নি এবং তাতে উদ্দীপক ক্রিয়াকলাপের অভাব ছিল। সব মিলিয়ে জানানো হয়েছিল যে শিক্ষালাভের প্রতিবন্ধকতা থাকা অল্পবয়সীদের জন্য সীমিত সংখ্যায় ক্লাব আছে।

"16 বছরের কম বয়সী বাচ্চাদের বিভিন্ন পরিষেবা পাবার ব্যবস্থা আছে, কিন্তু 16 বছরের বেশি বয়সীদের জন্য কিছুই নেই। যখন তারা প্রাপ্তবয়স্ক হয়, এই প্রয়োজন আরো বেড়ে যায়। 16 বছরের কম বয়সী বাচ্চাদের পরিষেবা ব্যবহারের সুযোগ আছে, কিন্তু 16 বছরের পরে তা কমে যায়।" একজন বাবা

"মূলস্রোতের শিশুদের অনেক ক্লাব আছে যা বিশেষ প্রয়োজন থাকা শিশুদের নেই।" একজন বাবা

অবকাশমূলক ক্রিয়াকলাপের ব্যবস্থার বিষয়ে সাধারণ তথ্যের অভাবের বিষয়েও বাবা-মায়েরা জানান এবং প্রদান করা ক্রিয়াকলাপগুলির বিষয়ে তারা অবগত ছিলেন না।

"আমি প্রাপ্ত পরিষেবাগুলির বিষয়ে অবগত নই। আমার আরো তথ্য এবং বিভিন্ন ক্রিয়াকলাপগুলির ব্যবহারের সুযোগ চাই।" একজন মা

"তথ্যের অভাব আছে। আমি জানি না কি পাওয়া যায়।" একজন বাবা

অল্পবয়স্ক ও বাবা-মায়েদের জানানো এই বিষয়গুলি পরিষেবা প্রদানকারীদের সাথে আলোচনা করা হয়। এই বৈঠকগুলির উদ্দেশ্য হল পরিষেবাগুলির উন্নতি করার জন্য যোগাযোগ ও পরামর্শের ব্যবস্থা করা এবং দীর্ঘ সময়ের পরিকল্পনার বিষয়ে জানানো। পৃষ্ঠা 17-র তালিকাটি ব্র্যাডফোর্ডে বর্তমানে পাওয়া যায় এমন সংস্থাগুলির যোগাযোগের বিবরণ দেয় যারা অবকাশমূলক ব্যবস্থা এবং এই গবেষণায় আলোকপাত করা কিছু প্রয়োজন মেটাতে সহায়তা প্রদান করে।

সুপারিশগুলি

এই প্রকল্প থেকে পরিষেবার আয়োজক ও প্রদানকারীদের জন্য আমরা অনেকগুলি সুপারিশের উপস্থাপনা করি।

জড়িত করা ও অংশগ্রহণ

- হাতের কাছে পাওয়া শিক্ষালাভের প্রতিবন্ধকতা থাকা ব্যক্তিদের একটি প্রতীকী প্রতিনিধিত্ব থেকে অল্পবয়সীদের জড়িত করার কাজটিকে আরো অগ্রসর করতে হবে। এটি বিভিন্ন জাতিগত কমিউনিটি থেকে শিক্ষালাভের প্রতিবন্ধকতা থাকা ব্যক্তিদের মতামতের আরো ব্যাপক প্রতিনিধিত্বের সুযোগ দেবে।

- সমবয়সীদের সহায়তার গোষ্ঠীর মাধ্যমে সাউথ এশিয় কমিউনিটিগুলি থেকে শিক্ষালাভের প্রতিবন্ধকতা থাকা অল্পবয়সী ব্যক্তিরা বন্ধুত্ব করার ও সহায়তার নেটওয়ার্ক তৈরী করার সুযোগ পাবেন। অবকাশমূলক পরিষেবাগুলিকে আকার দিতে এগুলি অল্পবয়সী ব্যক্তিদের একই সুরে কথা বলতে সাহায্য করবে।

- সাউথ এশিয় কমিউনিটিগুলি থেকে বেশি পরিমাণে সহায়তার প্রয়োজন থাকা অল্পবয়সী ব্যক্তিদের মূলস্রোতের পরিষেবা প্রদানকারীদের প্রদান করা অবকাশমূক ক্রিয়াকলাপে অংশ নেওয়ার সুযোগের প্রয়োজন আছে। এই অল্পবয়সী ব্যক্তিদের অতিরিক্ত সহায়তার প্রয়োজন। তাই সম্পদগুলির আরো ভালোভাবে ব্যবহারের বিষয়ে পরিষেবাগুলিকে জোর দিতে হবে। অল্পবয়সী ব্যক্তিদের জন্য মূলস্রোতের ক্রিয়াকলাপে অংশগ্রহণ করা গুরত্বপূর্ণ, কারণ শুধু কঠোর ও জটিল শিক্ষালাভের প্রতিবন্ধকতা থাকা গোষ্ঠীগুলিতে একান্তভাবে জড়িত হলে তাদের সামাজিক অন্তর্ভুক্তিতে বাধা আসা চালু থাকবে।

স্থানীয় কমিউনিটিগুলিকে জড়িত করা

- স্থায়ী নেটওয়ার্ক তৈরী করতে এবং সামাজিক অন্তর্ভুক্তিতে উৎসাহদান করতে স্থানীয় কমিউনিটিগুলিতে আরো অংশগ্রহণের ব্যবস্থা করতে হবে। আরো কমিউনিটি-ভিত্তিক ক্রিয়াকলাপ গড়ে তুলতে সম্পদগুলিকে ব্যবহার করতে হবে। এতে পরিবহনের সমস্যা কমানো ও ব্যবহারে বৃদ্ধি করা যেতে পারে।

- সাউথ এশিয় কমিউনিটিগুলি থেকে অল্পবয়সী ব্যক্তি ও পরিচর্যাকারীদের সাথে মেলামেশা এই কমিউনিটির সাথে যোগাযোগ তৈরীর জন্য অত্যন্ত প্রয়োজনীয়। 'যাদের কাছে পৌঁছনো কঠিন এমন গোষ্ঠীদের' কাছে পৌঁছন শুধু এই স্থানীয় কমিউনিটিগুলির সাথে সক্রিয়ভাবে জড়িত হয়ে এবং মেলামেশার মাধ্যমে অর্জন করা যেতে পারে। এতে বাধাগুলি দূর করা যাবে এবং এই বিভিন্ন সংখ্যালঘু গোষ্ঠীগুলির বিষয়ে অবাস্তব আশঙ্কাগুলি দূরীভুত হবে।

- বাসায় যাওয়া ও যেখানে প্রয়োজন দোভাষীদের ব্যবহার পেশাজীবিদের সাথে পরিবারগুলির এক সুশক্ত সম্পর্ক গড়ে তুলতে সাহায্য করবে। বাবা-মা এবং অন্যান্য পরিবারের পরিচর্যাকারীদের পরিষেবা প্রদানকারীদের সাথে মুখোমুখি মিলিত হওয়ার সুযোগ দিতে হবে যাতে তারা তাদের আশঙ্কা ও মতামতগুলির বিষয়ে তাদের সাথে সরাসরি আলোচনা করতে পারে। এতে পরিষেবাগুলির বিষয়ে আত্মবিশ্বাস পেতে এবং আশ্বস্ত হতে সাহায্য করবে যে অল্পবয়সী ব্যক্তিটির যথাযথভাবে সহায়তা ও দেখাশোনা করা হবে।

- অল্পবয়সী সাউথ এশিয় ব্যক্তি ও তাদের পরিবারের পরিচর্যাকারীদের ধার্মিক ও সাংস্কৃতিক প্রয়োজনগুলির অনুধাবণে বৃদ্ধি আনতে পরিষেবার আয়োজনকারী, পরিষেবা প্রদানকারী ও সহায়তা কর্মীদের সাংস্কৃতিক বৈচিত্র্যের এবং সংস্কৃতিগত দড়্গাতার বিষয়ে প্রশিড়্গাণ দেওয়া উচিত। জাতিগত ও সাংস্কৃতিক গোষ্ঠীতে একজন ব্যক্তি কিভাবে অন্যদের থেকে আলাদা হতে পারেন তার বিষয়ে সচেতনতা কর্মী প্রশিড়্গাণের মাধ্যমে বাড়াতে হবে। সাংস্কৃতিক অবাস্তব আশঙ্কা ও ধারণা এবং মনোভাব ও আচরণের উপর তার নেতিবাচক প্রভাবের বিষয়ে সচেতনতা ও বোধগম্যতা অর্জনে উৎসাহদান করা উচিত।

- অল্পবয়সী ব্যক্তি ও তাদের পরিবারদের পরিবহনের বিষয়ে সাহায্য ও সহায়তার প্রয়োজন।

পরামর্শ

- অবকাশমূলক পরিষেবাগুলির পরিকল্পনা করতে ও তাকে আকৃতিদান করতে পরিষেবাগুলির সাউথ এশিয় কমিউনিটিগুলির অল্পবয়সী ব্যক্তিদের সাথে নিয়মিত আলোচনা করার প্রয়োজন আছে। সাউথ এশিয় কমিউনিটিগুলির সাথে নমনীয় ও সৃজনশীল যোগাযোগের নেটওয়ার্ক তৈরী করে পরিষেবাগুলিকে অল্পবয়সীদের সাথে আলোচনা করার সদিচ্ছা ও অঙ্গীকারবদ্ধতা প্রদর্শন করার প্রয়োজন আছে।

- পরিষেবাগুলিকে কমিউনিটিগুলির সাথে যোগাযোগ গড়ে তোলা ও তার ব্যবস্থা করার জন্য, এবং স্থানীয় সাউথ এশিয় কমিউনিটিগুলির সাথে বিশ্বাস গড়ে তুলতে বিনিয়োগ করতে হবে, যা আরো সুশক্ত সম্পর্কের এবং এক ইতিবাচক অংশীদারিত্বের বিকাশের ব্যবস্থা করায় সাহায্য করবে।

- বাবা-মায়েরা এক সাউথ এশিয় পরিবারগুলির এক সহায়তা গোষ্ঠী/নেটওয়ার্ক গড়ে তোলার বিষয়ে পরামর্শ দিয়েছেন। এটি পরিবারগুলি ও অল্পবয়সী ব্যক্তিদের সাথে আরো ব্যাপক যোগাযোগ সুশক্ত করতে সাহায্য করবে। এছাড়া এটি অবকাশমূলক পরিষেবাগুলির বিষয়ে তথ্য বিনিময়ের একটি ফোরাম হিসাবে কাজ করবে।

অন্তর্ভুক্তিমূলক পরিষেবাগুলি

- মূলধারার অবকাশমূলক পরিষেবাগুলিতে অল্পবয়স্ক ব্যক্তিদের আরো অন্তর্ভুক্তিকরণ করতে হবে। এতে কর্মীদের প্রতিবন্ধকতার প্রশিক্ষণ দেওয়া ও সচেতনতা বাড়ানো অন্তর্গত করা যেতে পারে। কঠোর প্রতিবন্ধকতা থাকা অল্পবয়সী ব্যক্তিদের জন্য অবকাশমূলক ক্রিয়াকলাপগুলির ব্যবহারের আরো সুযোগ করে দেওয়ার পন্থাগুলির বিষয়ে প্রশিক্ষণও আবশ্যক।

তথ্য এবং যোগাযোগ

- অল্পবয়সী ব্যক্তিদের ব্যবহার করা ভাষায় ও ছবির ফর্ম্যাটে পরিষেবাগুলির বিষয়ে তথ্য দেওয়া উচিত যাতে তারা অবগতভাবে বেছে নিতে পারে। ভিডিও, ডিভিডি ও ব্যবহারযোগ্য ওয়েবসাইটের রূপেও তথ্য দেওয়া যেতে পারে।

- শুধু প্রচারপত্রে তথ্য দেওয়া উচিত নয় কারণ ব্র্যাডফোর্ডে কথিত কিছু এশিয় ভাষার কোন লিখিত ফর্ম্যাট নেই (যেমন মিরপুরী (পানজাবী) এবং সিলেটি (বাংলা)। এশিয় রেডিও স্টেশনের মাধ্যমে বা স্থানীয় ধার্মিক প্রার্থনার স্থানের মাধ্যমে, যেমন মসজিদ, মন্দির, গুরদ্বার ও গির্জা, তথ্য প্রদান করলে তা বেশি মানুষের কাছে পৌঁছতে পারে।

- বিভিন্ন সাংস্কৃতিক সমাজে প্রদত্ত পরিষেবাগুলির জন্য সাউথ এশিয় পরিবারগুলিকে যথাযথভাবে পরিষেবার এজেন্সিগুলির সাথে কথা বলার জন্য সহায়তা করতে পেশাদার দোভাষীদের ব্যবহার এক সাধারণ অভ্যাস হওয়া উচিত।

SPORTS CENTRE

VI Support Group (VI সাপোর্ট গ্রম্নপ)

দৃষ্টির প্রতিবন্ধকতা থাকা এশিয় শিশুদের মা ও পরিচর্যাকারীদের একটি সহায়তার গোষ্ঠী।

টেলিফোন: 07717002369

Parent Partnership (প্যারেন্ট পার্টনারশিপ)

এই পরিষেবাটি যে শিশুদের বিশেষ প্রয়োজন আছে বা থাকতে পারে তাদের বাবা-মা এবং পরিচর্যাকারীদের নিরপেক্ষ পরামর্শ, তথ্য বা সহায়তা প্রদান করে।

টেলিফোন: 0127481183

পরিবারের সাঁতারের সত্র

প্রতিবন্ধী শিশুদের জন্য বোলিং পুলের সত্র, বুধবারে সন্ধ্যা 7.30 থেকে সন্ধ্যা 8.30।

Down Syndrome Support Group (ডাউন সিনড্রোম সাপোর্ট গ্রম্নপ)

ডাউন সিনড্রোম থাকা শিশুদের বাবা-মা এবং পরিচর্যাকারীদের জন্য এবং তাদের দ্বারা পরিচালিত দাতব্য প্রতিষ্ঠান।

টেলিফোন: 01274496573

ইমেইল: office@downsyndromebradford.co.uk

ওয়েব:: www.downsupportbradford.ik.com

Crank It Up (ক্রাঙ্ক ইট আপ) – সকলের জন্য সাইকেল চালানোর সুযোগ

একটি নবপ্রবর্তিত স্বেচ্ছামূলক প্রকল্প যা সকলের জন্য সাইকেল চালানোর সত্র প্রদান করে।

ওয়েব: www.crank-it-up.org.uk

Disability Equipment Bradford (ডিসেবিলিটি ইকুইপমেন্ট ব্র্যাডফোর্ড)

একটি প্রতিবন্ধীদের জন্য সরঞ্জামের বিশেষজ্ঞ প্রদর্শন কেন্দ্র যেখানে আপনি নিজে সরঞ্জামগুলি ব্যবহার করে দেখার সুযোগ পাবেন।

টেলিফোন: 01274589162

ওয়েব: www.disabilityadvice.org.uk

Sibs (সিবস)

যে মানুষেরা প্রতিবন্ধী বা যাদের দীর্ঘমেয়াদী অসুস্থতা আছে, তাদের ভাই ও বোনেদের জন্য সিবস একটি ইউকে দাতব্য প্রতিষ্ঠান।

টেলিফোন: 01535645453

ওয়েব: www.sibs.org.uk

Cygnet Group (সিগনেট গ্রম্নপ)

অটিস্টিক স্পেকট্রাম ডিসঅর্ডার রোগনির্ণয় হওয়া 7-18 বয়সী মানুষের বাবা-মা ও পরিচর্যাকারীদের জন্য একটি প্রশিক্ষণ কর্মসূচী।

টেলিফোন: 01274481183

Contact a Famliy (কনট্যাক্ট এ ফ্যামিলি)

সকল প্রতিবন্ধী শিশুদের বাবা-মাকে তথ্য, পরামর্শ ও সহায়তা প্রদান করে।

টেলিফোন: 01274668922

Bradford Toy Library (ব্র্যাডফোর্ড টয় লাইব্রেরি)

প্রতিবন্ধী শিশুদের পরিবারদের খেলনা ও গেমস ধার দেয়।

টেলিফোন: 01274365463

LS29 গোষ্ঠী

LS29-এ থাকা বিশেষ প্রয়োজন থাকা অল্পবয়সী শিশু ও যুববয়সীদের পরিবারদের জন্য একটি সহায়তার গোষ্ঠী।

ইমেইল: LS29groups@yahoo.co.uk

বা কল করম্নন:

- 01943609861 নম্বরে ক্যারেনকে (প্রি-স্কুল ও প্রাথমিক বয়সের শিশু)
- 01943602479 নম্বরে জুলিকে (টিনেজার)
- 01943607253 নম্বরে মার্গারেটকে

Aware (অ্যাওয়ার)

অটিস্টিক স্পেকট্রাম ডিসঅর্ডার (এএসডি) রোগ থাকা সন্তানদের পরিবারদের জন্য একটি বাবা-মার সহায়তার গোষ্ঠী।

টেলিফোন: 07764432933

Barnardos Seen and Heard Group (বার্নার্ডোস সিন অ্যান্ড হার্ড গ্রম্নপ)

এই গোষ্ঠীটি 18 বছরের কম বয়সী প্রতিবন্ধকতা বা জটিল স্বাস্থ্যের প্রয়োজন থাকা শিশু বা অল্পবয়সীদের একটি ফোরাম দেয় যেখানে তাদের কাছে গুরম্নত্বপূর্ণ বিষয়গুলিতে তারা তাদের মতামত জানাতে পারে। টেলিফোন: 01274531466

Mencap (মেনক্যাপ)
12 Golden Lane
London EC1Y ORT
টেলিফোন: 020 7454 0454
ফ্যাক্স: 020 7608 3254
ইমেইল: help@mencap.org.uk
www.mencap.org.uk
লার্নিং ডিসেবিলিটি হেল্পলাইন
0808 808 111

Mencap
12 Golden Lane
London EC1Y ORT
Telephone: 020 7454 0454
Fax: 020 7608 3254
Email: help@mencap.org.uk
www.mencap.org.uk
Learning Disability Helpline
0808 808 111

রেজিস্টার্ড চ্যারিটি নম্বর 222 77 2007.116–01.09